আমেনা-বাকী রেসিডেন্সিয়াল মডেল স্কুল এন্ড কলেজ

(এ বি ফাউন্ডেশনের একটি প্রতিষ্ঠান)

চিরিরবন্দর, দিনাজপুর ।

সপ্তম সপ্তাহ

শ্রেণি: ৭ম **বিষয়: গণিত**

এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম	অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম	পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু	এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ	নির্দেশনা	মূল্যায়ন রুব্রিক্স
এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২	**প্রথম অধ্যায়:** মূলদ ও অমূলদ সংখ্যা	১. সংখ্যার বর্গ ও বর্গমূল ২. উৎপাদক ও ভাগ প্রক্রিয়ার মাধ্যমে বর্গমূল ৩. সংখ্যার বর্গমূল নির্ণয় ৪. মূলদ ও অমূলদ সংখ্যা ৫. সংখ্যারেখায় মূলদ ও অমূলদ সংখ্যার অবস্থান	১. তোমার পরিবারের দুইজন সদস্যের বয়স বছরে লিখ এবং তাদের বর্গমূল সংখ্যা রেখায় স্থাপন কর। ২. ২৪ ও ১৪৩ সংখ্যা দুইটির বর্গের সমষ্টির বর্গমূল নির্ণয় কর। আবার, সংখ্যা দুইটির বর্গের অন্তরের সাথে কোন ক্ষুদ্রতম সংখ্যা যোগ করলে যোগফল পূর্ণবর্গ সংখ্যা হবে, তা নির্ণয় কর।	১. শিক্ষার্থীরা পরিবারের দুইজন সদস্যের বয়স লিখে তাদের বর্গমূল বের করে। সংখ্যারেখায় স্থাপন করবে। ২. সংখ্যা দুইটির বর্গের সমষ্টির বর্গমূল যে কোনো প্রক্রিয়ায় নির্ণয় করবে। অতঃপর সংখ্যাটি পূর্ণবর্গ করতে, সংখ্যা দুইটির বর্গের অন্তরের সাথে সঠিক প্রক্রিয়ায় ক্ষুদ্রতম সংখ্যাটি যোগ করবে।	১. * দুইজন সদস্যের বয়স লিখন * সংখ্যা দুইটির বর্গমূল সংখ্যারেখায় স্থাপন ২. * সংখ্যা দুইটির বর্গ নির্ণয় * বর্গের সমষ্টির বর্গমূল নির্ণয় * ক্ষুদ্রতম সংখ্যাটি নির্ণয়

শিক্ষকঃ মোঃ আহসান হাবিব মোবাইলঃ ০১৭২১৭৮৮০৭৫

শ্রেণি: ৭ম **বিষয়: ইসলাম ধর্ম ও নৈতিক শিক্ষা**

এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম	অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম	পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু	এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ	নির্দেশনা	মূল্যায়ন রুব্রিক্স
এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২	দ্বিতীয় অধ্যায়	**পাঠ-১:** সালাত **পাঠ-২:** বিভিন্ন প্রকারের সালাত **পাঠ-৩:** ঈদের সালাত	মনে কর তুমি ৭ম শ্রেণির একজন শিক্ষার্থী। নিয়মিত মসজিদে গিয়ে জামা'আতের সাথে পাঁচ ওয়াক্ত সালাত আদায় কর। নিচে বর্ণিত অবস্থাগুলোর ক্ষেত্রে তুমি কীভাবে সালাত আদায় করবে বর্ণনা দাও। **যেকোনো ৩টি বিষয়ের বর্ণনা লেখ:** ১। কোভিড-১৯ পরিস্থিতিতে (স্বাস্থ্যবিধি অনুসরণ করে) ২। সালাতে এক বা দু'রাকাত মাসবুক হলে। ৩। মুসাফির অবস্থায় মাগরিব, এশা ও ফজরের সালাত ৪। অসুস্থ অবস্থায় সালাত (যখন তুমি দাড়াতে বা বসতে পার না)।	• পাঠ্যবইয়ের অধ্যায় দুইয়ের সংশ্লিষ্ট পাঠের আলোকে বিষয়বস্তুর মৌলিক চাহিদাগুলো শনাক্ত করতে হবে। • প্রয়োজনে সহায়ক পুস্তকের সাহায্য নেওয়া যেতে পারে। • পরিবারের অন্যান্য সদস্যদের সাথে আলোচনা করে বিষয়ের সঠিকতা সম্পর্কে সম্যক ধারণা নেওয়া যেতে পারে। • কোনো তথ্য উৎস থেকে অবিকল (হুবহু) কোনো তথ্য লিখে অ্যাসাইনমেন্ট জমা দেওয়া যাবে না। • অ্যাসাইনমেন্ট অবশ্যই নিজ হাতে লিখে জমা দিতে হবে।	**অতি উত্তম:** ১. বিষয়বস্তু পূর্ণমাত্রায় সঠিক ও ধারাবাহিক ২. কুরআন ও হাদিসের উদ্বৃতি আরবিতে সঠিকভাবে লিখতে পারা ৩. লেখায় লক্ষনীয় মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা **উত্তম:** ১. বিষয়বস্তু অধিকাংশক্ষেত্রে সঠিক ও ধারাবাহিক ২. কুরআন ও হাদিসের উদ্বৃতি আরবিতে অধিকাংশক্ষেত্রে সঠিকভাবে লিখতে পারা ৩. লেখায় আংশিক নিজস্বতা ও সৃজনশীলতা **ভালো:** ১. বিষয়বস্তু সঠিক থাকলেও ধারাবাহিকতার অভাব ২. কুরআন ও হাদিসের উদ্বৃতি আংশিকভাবে আরবিতে লিখতে পারা ৩. লেখায় সামান্য মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা **অগ্রগতি প্রয়োজন:** ১. বিষয়বস্তু সঠিকতা ও ধারাবাহিকতা ২. কুরআন ও হাদিসের উদ্বৃতি লিখতে না পারা ৩. লেখায় নিজস্বতা ও সৃজনশীলতা অনুপস্থিত

শিক্ষক মোঃ জহুরুল ইসলাম মোবাইলঃ ০১৭৩৯৪২২৬৪৭